



ব্যাটিং ব্যর্থতায় ওয়েস্ট ইন্ডিজের কাছে পরাজিত বাংলাদেশ



সংগৃহীত ছবি

চট্টগ্রামে প্রথম টি-টোয়েন্টিতে ব্যাটিং ব্যর্থতার কারণে ১৬ রানের পরাজয়ে সিরিজের সূচনা করেছে বাংলাদেশ ক্রিকেট দল। ওয়েস্ট ইন্ডিজের দেওয়া ১৬৫ রানের লক্ষ্যে ব্যাট করতে নেমে নির্ধারিত ওভার শেষে ১৪৯ রানে অলআউট হয় স্বাগতিকরা। ফলে তিন ম্যাচের সিরিজে ১-০ ব্যবধানে এগিয়ে যায় ক্যারিবীয়রা।

টস জিতে আগে ব্যাট করতে নামে ওয়েস্ট ইন্ডিজ। ইনিংসের শুরু থেকেই সাবধানী ব্যাটিংয়ে ওপেনার আথানেজ ও ব্র্যান্ডন কিং দলকে ভালো সূচনা এনে দেন। দু'জন মিলে প্রথম উইকেটে যোগ করেন ৫৯ রান। এরপর রিশাদ হোসেনের বলে ৩৪ রান করা আথানেজ ফিরে গেলে ভাঙে উদ্বোধনী জুটি। এরপরই তাসকিন আহমেদ দুর্দান্ত বোলিংয়ে ফেরান ব্র্যান্ডন কিং (৩৩) ও রাদারফোর্ডকে। ৮২ রানে ৩ উইকেট হারিয়ে কিছুটা চাপে পড়ে উইন্ডিজ, কিন্তু পরবর্তীতে তাদের আর খামানো যায়নি।

অধিনায়ক শেই হোপ ও রোভম্যান পাওয়েল শেষ দিকে দারুণ জুটি গড়ে দলের রানকে চ্যালেঞ্জিং অবস্থানে নিয়ে যান। হোপ ২৮ বলে অপরাধিত ৪৬ রানে ইনিংস শেষ করেন, অন্যদিকে পাওয়েল ২৮ বলে অপরাধিত ৪৪ রানের ঝড়ো ইনিংস খেলেন। ইনিংসের শেষ ওভারে তানজিম হাসানের টানা তিন বলে তিনটি ছক্কা হাঁকিয়ে পাওয়েল দর্শকদের মাতিয়ে তোলেন। তাদের অবিচ্ছিন্ন জুটিতে আসে ৪৫ বলে ৮৩ রান, যা ক্যারিবীয়দের ইনিংসের মোড় ঘুরিয়ে দেয়।

লক্ষ্য তাড়া করতে নেমে শুরু থেকেই চাপে পড়ে বাংলাদেশ। ইনিংসের প্রথম দিকেই ৫৭ রানের মধ্যে ৫ ব্যাটার সাজঘরে ফেরেন। ওপেনাররা ব্যর্থ হলে মধ্যক্রমও ধরে রাখতে পারেনি দলকে। ২৮ রান করে তাওহিদ হুদয় বিদায় নিলে ৭৭ রানে ষষ্ঠ উইকেট হারায় টাইগাররা। এরপর তানজিম সাকিব (৩৩) ও নাসুম আহমেদ (২০) কিছুটা প্রতিরোধ গড়লেও তাতে জয়ের আশার আলো ফের জ্বলেনি।

শেষ ওভারে প্রয়োজন ছিল ১৭ রান। প্রথম বলেই তাসকিন আহমেদ ডিপ মিড উইকেটের ওপর দিয়ে বিশাল ছক্কা হাঁকিয়ে গ্যালারিতে আশা জাগান, কিন্তু পরের বলেই 'হিট আউট' হয়ে ফেরেন তিনি। তাতে ১৬ রানের ব্যবধানে পরাজিত হয়ে ম্যাচ শেষ করে বাংলাদেশ।

এই হারে তিন ম্যাচের সিরিজে ১-০ ব্যবধানে পিছিয়ে গেলো টাইগাররা। এখন সিরিজে টিকে থাকতে হলে দ্বিতীয় ম্যাচে জয়ের বিকল্প নেই।